তারিখ 21 FEB
পৃষ্ঠা

### দিনাজপুরে মহিলা আ'লীগের সম্মেলনে হট্টগোল

# ছাত্রলীগ নেতাকে হুমকি গণশিক্ষামন্ত্রীর

■ দিনাজপুর প্রতিনিধি

'ছাত্রলীগ করো, তোমার মতো কত মাস্তানকে পিটিয়ে মানুষ করেছি। আমার সামনে মাস্তানি'! প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার এই বলে হুমকি দিয়েছেন দিনাজপুরের এক ছাত্রলীগ নেতাকে। গতকাল দিনাজপুর জেলা মহিলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিলে একটি পক্ষ বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করলে কাউন্সিল স্থল ছেড়ে যাওয়ার আগে মন্ত্রী ওই নেতাকে উদ্দেশ্য করে এসব কথা বলেন।

গতকাল সোমবার ছিল দিনাজপুর জেলা মহিলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিল। ২২ বছর পর গতকাল সকালে দিনাজপুর নাট্য সমিতির মঞ্চে এ কাউন্সিল শুরু হয়। কাউন্সিল শুরুর কিছুক্ষণের মধ্যে বেলা ১১টার দিকে একটি পক্ষ ভেতরে প্রবেশ করে ব্যানার ছেড়াসহ সম্মেলন মঞ্চ তছনছ করে। পরে তারা বেরিয়ে গেলে কাউন্সিল চালিয়ে যাওয়ার ঘোষণা দেয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার। মহিলা আওয়ামী লীগ নেত্রী লুলু আফসারের সভাপতিত্বে কাউন্সিলে বক্তব্য রাখেন দিনাজপুর-১ আসনের সংসদ সদস্য মনোরঞ্জন শীল গোপাল, কেন্দ্রীয় নেত্রী ইয়াসমিন হোসেন, বনশ্রী স্মৃতিকণা বিশ্বাস প্রমুখ। কাউন্সিলে উপস্থিত ছিলেন না জেলা কমিটির সভানেত্রী সুলতানা কোহিনুর বুলবুল ও সাধারণ সম্পাদিকা তারিকুন বেগম লাবুনসহ অনুসারীরা।

দুপুর সাড়ে ১২টার দিকে কাউন্সিলবিরোধী সোহেলী আক্তার ছবি, শিউলী, সম্পা দাস মৌসহ কয়েকজন মহিলা আওয়ামী লীগের সদস্য বিক্ষোভ মিছিল নিয়ে সম্মেলন গেটের সামনে আসেন। এ সময় পুলিশ তাদের বাধা দিলে তারা গেটের সামনে বিক্ষোভ করেন। তাদের সঙ্গে যোগ দেন ছাত্রলীগ নেতা রায়হান ইসলামের নেতৃত্বে ছাত্রলীগের কিছু নেতাকর্মী। এ সময় সম্মেলন গেটের সামনে ও ছাদে কয়েকটি পটকার বিস্ফোরণ ঘটানো হয়। বিক্ষোভ চলাকালে কাউন্সিলস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

এদিকে কাউন্সিল শেষ হলে দুপুর ২টার দিকে কড়া পুলিশ প্রহরায় কাউন্সিলস্থল ছেড়ে যান প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী। চলে যাওয়ার সময় কাউন্সিলবিরোধীদের তোপের মুখে পড়েন তিনি। এ সময় মন্ত্রী একজনকে উদ্দেশ করে বলেন, 'ছাত্রলীগ করো, তোমার মতো কত মাস্তানকে পিটিয়ে মানুষ করেছি। আমার সামনে মাস্তানি!' পরে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হলে পুলিশ ব্যারিকেড দিয়ে মন্ত্রীকে গাড়িতে তুলে দেন।

সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ইয়াসমিন হোসেন জেলা মহিলা আওয়ামী লীগের বর্তমান কমিটি বিলুপ্ত ঘোষণা করে নতুন জেলা কমিটি গঠন বিষয়ে পরে সাংগঠনিক সিদ্ধান্ত জানানোর কথা বলে কাউন্সিলের সমাপ্তি ঘোষণা করেন।

এদিকে মহিলা আওয়ামী লীগের নেত্রীরা গতকাল বিকেল ৫টায় দিনাজপুর প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে জেলা কমিটির সভানেত্রী সুলতানা কোহিনুর বুলবুল এবং সাধারণ সম্পাদিকা তারিকুন বেগম লাবুন বলেন, এ কাউন্সিল গঠনতন্ত্রবিরোধী।